

بسم الله الرحمن الرحيم








Sisters' Forum In Islam.com

# কুর’আনিক দু’আ সমূহ:৩

# দু'আ সমূহঃ ( সূরা আলে ইমরান)

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ٱلْوَهَّابُ | أَنتَ | إِنَّكَ | رَحْمَةً | لَّدُنكَ | مِن | لَنَا | وَهَبْ | هَدَيْتَنَا | إِذْ | بَعْدَ | قُلُوبَنَا | تُزِغْ | لَا | رَبَّنَا | ৮ |
| মহাদাতা | তুমিই | তুমি নিশ্চয়ই | দয়া | তোমার নিকট | থেকে | আমাদের জন্য | এবং দাও | আমাদের পথ প্রদর্শন করেছ তুমি | যখন | এর পরে | আমাদের অন্তরগুলো | বাঁকা করো | না | হে আমাদের রব (তারা বলে) | |
| the Bestower (are) | You | Indeed You | mercy | Yourself | from | us (for) | and grant | You (have) guided us | [when] | after | our hearts | deviate | not (Do) | !Our Lord" | |

رَبَّنَا لَا تُزِغْ قُلُوبَنَا بَعْدَ إِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَدُنْكَ رَحْمَةً ۚ إِنَّكَ أَنْتَ الْوَهَّابُ

হে আমাদের পালনকর্তা! সরল পথ প্রদর্শনের পর তুমি আমাদের অন্তরকে সত্যলংঘনে প্রবৃত্ত করোনা এবং তোমার নিকট থেকে আমাদিগকে অনুগ্রহ দান কর। তুমিই সব কিছুর দাতা। আয়াতঃ ৮

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ٱلْمِيعَادَ | يُخْلِفُ | لَا | ٱللَّهَ | إِنَّ | فِيهِ | رَيْبَ | لَّا | لِيَوْمٍ | ٱلنَّاسِ | جَامِعُ | إِنَّكَ | رَبَّنَآ | ৯ |
| প্রতিশ্রুতির | ব্যতিক্রম করেন | না | আল্লাহ | নিশ্চয়ই | তার মধ্যে | কোনো সন্দেহ | নেই (যাতে) | সে দিনের | মানুষদের | সমবেতকারী | তুমি নিশ্চয়ই | হে আমাদের রব (তারা বলে) | |
| "the Promise | break | not (does) | Allah | Indeed | in it | doubt | no (there is) | on a Day | mankind [the] | will gather | Indeed You | !Our Lord | |

رَبَّنَا إِنَّكَ جَامِعُ النَّاسِ لِيَوْمٍ لَا رَيْبَ فِيهِ ۚ إِنَّ اللَّهَ لَا يُخْلِفُ الْمِيعَادَ

হে আমাদের পালনকর্তা! তুমি মানুষকে একদিন অবশ্যই একত্রিত করবেঃ এতে কোনই সন্দেহ নেই। নিশ্চয় আল্লাহ তাঁর ওয়াদার অন্যথা করেন না। (আয়াতঃ ৯)

# দু’আ সমূহঃ ( সূরা আলে ইমরান)

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ٱلنَّارِ | عَذَابَ | وَقِنَا | ذُنُوبَنَا | لَنَا | فَٱغْفِرْ | ءَامَنَّا | إِنَّنَآ | رَبَّنَآ |
| "জাহান্নামের | শাস্তি (হতে) | এবং বাঁচাও আমাদের | আমাদের গুনাহগুলোকে | আমাদের | অতএব ক্ষমা কর | আমরা ঈমান এনেছি | নিশ্চয়ই আমরা | হে আমাদের রব' |
| "the Fire (of) | punishment (from) | and save us | our sins | for us | so forgive | believed (have) | Indeed we | !Our Lord" |

رَبَّنَا إِنَّنَا آمَنَّا فَاغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَقِنَا عَذَابَ النَّارِ
হে আমাদের পালনকর্তা, আমরা ঈমান এনেছি, কাজেই আমাদের গোনাহ ক্ষমা করে দাও আর আমাদেরকে দোযখের আযাব থেকে রক্ষা কর। (আয়াতঃ ১৬) (প্রেক্ষাপটঃ জান্নাতী লোকদের চরিত্র তারা ধৈর্যশীল, সত্যবাদী, অনুগত, ব্যয়কারী এবং শেষ রাতে ক্ষমাপ্রার্থী,এইভাবে দুয়া করে।)

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ٱلْعَلِيمُ | ٱلسَّمِيعُ | أَنتَ | إِنَّكَ | مِنِّىٓ | فَتَقَبَّلْ | مُحَرَّرًا | بَطْنِى | فِى | مَا | لَكَ | نَذَرْتُ | إِنِّى | رَبِّ |
| সবকিছুই জান | সবকিছুই শোন | তুমিই | তুমি নিশ্চয় | আমার থেকে | অতএব তুমি কবুল কর | মুক্ত (তোমারই কাজে) | আমার পেটে | মধ্যে আছে | যা | তোমার জন্য | উৎসর্গ করেছি | নিশ্চয় আমি | হে আমার রব' |
| the All-Knowing | the All-Hearing (are) | You | Indeed You | from me | so accept | dedicated | my womb | in (is) | what | to You | vowed [I] | Indeed I | !My Lord" |

رَبِّ إِنِّي نَذَرْتُ لَكَ مَا فِي بَطْنِي مُحَرَّرًا فَتَقَبَّلْ مِنِّي ۖ إِنَّكَ أَنْتَ السَّمِيعُ الْعَلِيمُ
হে আমার পালনকর্তা! আমার গর্ভে যা রয়েছে আমি তাকে তোমার নামে উৎসর্গ করলাম সবার কাছ থেকে মুক্ত রেখে। আমার পক্ষ থেকে তুমি তাকে কবুল করে নাও, নিশ্চয়ই তুমি শ্রবণকারী, সর্বজ্ঞাত।(আয়াতঃ৩৫)

**প্রেক্ষাপটঃ** ইমরানের স্ত্রী ছিলেন হযরত মারইয়াম (আ.)-এর মা। তিনি মানত করেছিলেন যে তিনি গর্ভস্থ সন্তানকে দুনিয়ার সমস্ত কাজ থেকে মুক্ত রেখে আল্লাহর ঘর (বায়তুল মুকাদ্দাস)-এর সেবার জন্য উৎসর্গ করার প্রতিজ্ঞা করেছিলেন

# দু’আ সমূহঃ ( সূরা আলে ইমরান)

| رَبِّ | هَبْ | لِى | مِن | لَّدُنكَ | ذُرِّيَّةً | طَيِّبَةً | إِنَّكَ | سَمِيعُ | ٱلدُّعَآءِ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| হে আমার রব' | দাও | আমাকে | থেকে | তোমার নিকট | বংশধর | পবিত্র (সৎ) | তুমি নিশ্চয় | শ্রবণকারী | দু'আ |
| My Lord" | grant | me [for] | from | Yourself | offspring | pure | Indeed, You | All-Hearer (are) | the prayer (of) |

رَبِّ هَبْ لِي مِنْ لَدُنْكَ ذُرِّيَّةً طَيِّبَةً ۖ إِنَّكَ سَمِيعُ الدُّعَاءِ

হে, আমার পালনকর্তা! তোমার নিকট থেকে আমাকে পুত-পবিত্র সন্তান দান কর-নিশ্চয়ই তুমি প্রার্থনা শ্রবণকারী। (আয়াতঃ ৩৮)

**প্রেক্ষাপটঃ** হযরত যাকারিয়া আ আল্লাহর দরবারে নেক সন্তান প্রাপ্তির জন্য দু’আ করেছিলেন।

| ৫৩ | رَبَّنَآ | ءَامَنَّا | بِمَآ | أَنزَلْتَ | وَٱتَّبَعْنَا | ٱلرَّسُولَ | فَٱكْتُبْنَا | مَعَ | ٱلشَّٰهِدِينَ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | হে আমাদের রব | আমরা ঈমান এনেছি | ঐ বিষয়ে যা | তুমি নাযিল করেছ | এবং আমরা অনুসরণ করেছি | রসূলকে | অতএব আমাদের লেখ (নাম) | সাথে | "সাক্ষ্যদাতাদের |
| | Our Lord | we believe[d] | in what | You revealed | and we follow[ed] | the Messenger | then write us | among | "the witnesses |

رَبَّنَا آمَنَّا بِمَا أَنْزَلْتَ وَاتَّبَعْنَا الرَّسُولَ فَاكْتُبْنَا مَعَ الشَّاهِدِينَ

হে আমাদের পালনকর্তা! আমরা সে বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করেছি যা তুমি নাযিল করেছ, আমরা রসূলের অনুগত হয়েছি। অতএব, আমাদিগকে মান্যকারীদের তালিকাভুক্ত করে নাও। (আয়াতঃ ৫৩)

**প্রেক্ষাপটঃ** চরম নির্যাতনের সামনে হযরত ইসা আ এর অনুসারীরা আল্লাহর সাহায্যকারী হিসেবে তাদের সাক্ষ্য কবুল করতে আল্লাহর দরবারে দু’আ করেছিলেন।

# দু’আ সমূহঃ ( সূরা আলে ইমরান)

| ٱلْكَٰفِرِينَ | ٱلْقَوْمِ | عَلَى | وَٱنصُرْنَا | أَقْدَامَنَا | وَثَبِّتْ | أَمْرِنَا | فِى | وَإِسْرَافَنَا | ذُنُوبَنَا | لَنَا | ٱغْفِرْ | رَبَّنَا |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 'কাফির<br>"the disbelievers | জাতির<br>[the people] | বিরুদ্ধে<br>against | এবং আমাদের সাহায্য কর<br>and give us victory | আমাদের পদক্ষেপ<br>our feet | এবং দৃঢ় কর<br>and make firm | আমাদের কাজের<br>our affairs | ক্ষেত্রে<br>in | ও আমাদের বাড়াবাড়িকে<br>and our excesses | আমাদের গুনাহ সমূহকে<br>our sins | আমাদের জন্য<br>for us | মাফ কর<br>forgive | হে আমাদের রব'<br>Our Lord" |

﴿رَبَّنَا اغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَإِسْرَافَنَا فِي أَمْرِنَا وَثَبِّتْ أَقْدَامَنَا وَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ﴾

হে আমাদের রব ! আমাদের ভুল –ক্রুটিগুলো ক্ষমা করে দাও। আমাদের কাজের ব্যাপারে যেখানে তোমার সীমালংঘিত হয়েছে, তা তুমি মাফ করে দাও। আমাদের পা মজবুত করে দাও এবং কাফেরদের মোকাবিলায় আমাদের সাহায্য করো। (আয়াতঃ ১৪৭)

**<u>প্রেক্ষাপটঃ</u>** আল্লাহর পথে বিপদ মুসিবতে পতিত ইমানদারদের আল্লাহর সাহায্য প্রার্থনার দু’আ,যা কবুল করে আল্লাহ দুনিয়া ও আখেরাতে কল্যানের প্রতিশ্রুতি দিয়েছেন।

| ٱلنَّارِ | عَذَابَ | فَقِنَا | سُبْحَٰنَكَ | بَٰطِلًا | هَٰذَا | خَلَقْتَ | مَا | رَبَّنَا |
|---|---|---|---|---|---|---|---|---|
| আগুনের<br>the Fire (of) | শাস্তি (হতে)<br>punishment (from the) | অতঃপর আমাদেরকে বাঁচাও<br>so save us | তুমিই পবিত্র<br>Glory be to You | অর্থহীন<br>vain (in) | এটা<br>this | তুমি সৃষ্টি করেছ<br>You have created | না<br>not | হে আমাদের রব (তারা বলে)'<br>Our Lord" |

رَبَّنَا مَا خَلَقْتَ هَٰذَا بَاطِلًا سُبْحَانَكَ فَقِنَا عَذَابَ النَّارِ ١٩١

হে আমাদের রব! আপনি এগুলো অনর্থক সৃষ্টি করেননি, আপনি অত্যন্ত পবিত্র, অতএব আপনি আমাদেরকে আগুনের শাস্তি হতে রক্ষা করুন (আয়াতঃ ১৯১)

# দু’আ সমূহঃ ( সূরা আলে ইমরান)

১৯৩

| Arabic | বাংলা | English |
|---|---|---|
| رَبَّنَآ | হে আমাদের রব | Our Lord |
| إِنَّنَا | আমরা নিশ্চয় | indeed we |
| سَمِعْنَا | আমরা শুনেছি | heard [we] |
| مُنَادِيًا | একজন আহ্বানকারীকে | a caller |
| يُنَادِى | আহ্বান করতে | calling |
| لِلْإِيمَٰنِ | ঈমানের দিকে | to the faith |
| أَنْ | যে (এ বলে) | that |
| ءَامِنُوا | তোমরা ঈমান আন' | Believe" |
| بِرَبِّكُمْ | "তোমাদের রবের প্রতি | "in your Lord |
| فَـَٔامَنَّا | ফলে আমরা ঈমান এনেছি | so we have believed |
| رَبَّنَا | হে আমাদের রব | Our Lord |
| فَٱغْفِرْ | অতএব মাফ কর | so forgive |
| لَنَا | আমাদের জন্য | for us |
| ذُنُوبَنَا | আমাদের অপরাধগুলোকে | our sins |
| وَكَفِّرْ | ও দূর কর | and remove |
| عَنَّا | আমাদের থেকে | from us |
| سَيِّـَٔاتِنَا | আমাদের দোষত্রুটি | our evil deeds |
| وَتَوَفَّنَا | এবং আমাদের মৃত্যু দাও | and cause us to die |
| مَعَ | সাথে | with |
| ٱلْأَبْرَارِ | নেক লোকদের | the righteous |

رَبَّنَآ اِنَّنَا سَمِعۡنَا مُنَادِيًا يُّنَادِىۡ لِلۡاِيۡمَانِ اَنۡ اٰمِنُوۡا بِرَبِّكُمۡ فَاٰمَنَّا ۖ رَبَّنَا فَاغۡفِرۡ لَنَا ذُنُوۡبَنَا وَ كَفِّرۡ عَنَّا سَيِّاٰتِنَا وَ تَوَفَّنَا مَعَ الۡاَبۡرَارِ ১৯৩ : ৩

হে আমাদের প্রতিপালক! আমরা এক আহবায়ককে ঈমানের দিকে আহবান করতে শুনেছি যে, ‘তোমরা তোমাদের প্রতিপালকের প্রতি ঈমান আনো।’ সুতরাং আমরা ঈমান এনেছি। অতএব হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের পাপসমূহ ক্ষমা কর, আমাদের মন্দ কার্যসমূহ গোপন কর এবং মৃত্যুর পর আমাদেরকে পুণ্যবানদের সাথে মিলিত কর। আলে ইমরানঃ১৯৩

**প্রেক্ষাপটঃ** আল্লাহ্ তাআলা এখানে ঈমানদার মানুষরা যখন আল্লাহর আহবান শুনে তাতে সাড়া দিয়েছে তখন তাদের কথা কি ছিল তা বর্ণনা করেছেন।

তারা আল্লাহর পক্ষ থেকে যে আহবান শুনতে পেয়েছে তাতে তারা সুন্দরভাবে সাড়া দিয়েছে এবং এর উপর ধৈর্য ধারণ করেছে।

# দু’আ সমূহঃ ( সূরা আলে ইমরান)

| ٱلْقِيَٰمَةِ | يَوْمَ | تُخْزِنَا | وَلَا | رُسُلِكَ | عَلَىٰ | وَعَدتَّنَا | مَا | وَءَاتِنَا | رَبَّنَا | ১৯৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কিয়ামাতের | দিন | আমাদেরকে অপমান করো | না এবং | তোমার রাসূলদের | নিকট | আমাদেরকে তুমি ওয়াদা করেছ | যা | আমাদেরকে দাও এবং | হে আমাদের রব | |
| Resurrection [the] (of) | Day (on the) | disgrace us | and (do) not | Your Messengers | through | You promised us | what | grant us | Our Lord | |

| ٱلْمِيعَادَ | تُخْلِفُ | لَا | إِنَّكَ |
|---|---|---|---|
| "ওয়াদার | খেলাফ কর | না | নিশ্চয় তুমি |
| "the promise | break | not (do) | Indeed You |

رَبَّنَا وَآتِنَا مَا وَعَدتَّنَا عَلَىٰ رُسُلِكَ وَلَا تُخْزِنَا يَوْمَ الْقِيَامَةِ ۗ إِنَّكَ لَا تُخْلِفُ الْمِيعَادَ

হে আমাদের রব! তোমরা রসূলদের মাধ্যেমে তুমি যেসব ওয়াদা করেছো আমাদের সাথে, সেগুলো পূর্ণ করো এবং কিয়ামতের দিন আমাদের লাঞ্ছনার গর্তে ফেলে দিয়ো না। নিসন্দেহে তুমি ওয়াদা খেলাপকারী নও। আয়াতঃ ১৯৪

মহান আল্লাহ ইরশাদ করেছেন এরপর-- তারপর তাদের রব তাদের ডাকে সাড়া দিয়ে বললেন, নিশ্চয় আমি তোমাদের মধ্যে আমলকারী কোন নর বা নারীর আমল বিফল করি না


جزاكم الله خيرا
jazakumullah khairan
Sisters' Forum In Islam.com